

ডঃ মনিরুজ্জামান মিয়া ৪ বছরের জন্য ভিসি নিযুক্ত

বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর
প্রেসিডেন্ট এইচ এম এরশাদ গতকাল
প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান
মিয়াকে চার বছরের জন্য ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে
নিয়োগ করেন। খবর বাসস'র।

ভাইস চ্যান্সেলর পদে নিয়োগের
জন্য ৩ জনের একটি প্যানেল
মনোনয়ন করতে গতকাল বিকালে
ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের একটি
বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে প্রফেসর এম মনিরুজ্জামান
মিয়া সর্বোচ্চ ৪৭ ভোট, প্রফেসর
এমাজউদ্দিন আহমদ ৩৬ ভোট ও
প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী ৩১
ভোট পেয়ে প্যানেলে মনোনীত হন।
বৈঠকে ৭২ জন সিনেট সদস্য উপস্থিত
ছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ ঢাকা বিশ্ব-
বিদ্যালয় আদেশ ১৯৭৩ এর ১১(১)



প্রফেসর মনিরুজ্জামান মিয়া
দ্বারা মোতাবেক প্যানেল থেকে প্রফে-
সর এম মনিরুজ্জামান মিয়াকে ভাইস
চ্যান্সেলর নিযুক্ত করেন।